

## ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ২। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের ত্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ৩। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Repair and maintenance work of air-conditioner under SKWP কাজের অনুমোদন প্রসংগে।

০১। সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মিরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। প্লান্ট পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য ব্যবহৃত আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম ও সেনসিটিভ যন্ত্রপাতি সুষ্ঠুভাবে কাজ করার লক্ষ্যে তাপমাত্রা নিয়ন্ত্রণের জন্য IRP#1 এর আওতাধীন সাব-সেটশন রুম ২ টনের ৩টি ও ১ টনের ১টি গ্রী ব্র্যান্ড -এর এসি আছে। গত ০৩/১০/২০২৫ ইং তারিখ রাতে প্রচণ্ড ঝড়-বৃষ্টির সময় থাণ্ডারিং এর কারণে ২ টি ২টনের এসি বন্ধ হয়ে গিয়েছে। গ্রী -এর সার্ভিস টেকনিশিয়ান পরিক্ষা নিরিক্ষা করে বন্ধ হয়ে যাওয়া ২টি ২টনের এসি পুনঃরায় চালু করার জন্য সার্ভিসিং ও বিভিন্ন পার্টস পরিবর্তনের জন্য পরামর্শ দিয়েছেন। সাব-সেটশন কন্ট্রোল রুমের তাপমাত্রা নিয়ন্ত্রণ রাখার জন্য এসি ২টি মেরামতকরে চালু করা প্রয়োজন।

০২। সেপ্রেক্ষিতে আলোচ্য প্লান্ট-এর IRP#1 এর আওতাধীন সাব-সেটশন রুমের এসি ২টি জরুরী মেরামত কাজের জন্য পিডব্লিউডি রোট সিডিউল-২০২২ আলোকে সর্বমোট একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তিঃ ০৪)। যাতে কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট টাঃ ৪৯,৬৫০/- (উনপঞ্চাশ হাজার ছয়শত পঞ্চাশ) মাত্র। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম)' খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ত্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৬ হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্তিঃ ০২)।


০৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হতে ২.০ পর্যন্ত বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার "সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট"-এর IRP#1 এর আওতাধীন সাব-সেটশন রুমের এসি ২টি জরুরী মেরামত কাজের জন্য Repair and maintenance work of air-conditioner under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ


ক) আলোচ্য মেরামত কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য PPO (Revised) 2025 এবং PPR-2025 এর বিধি ৯৯ (১) (ড) অনুযায়ী সরাসরি চুক্তি পক্রিয়া (DPM) -এর মাধ্যমে 'মেসার্স জয়নব এন্টারপ্রাইজ' -এর সাথে সম্পাদনের জন্য অনুমোদন;


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট টাঃ ৪৯,৬৫০/- (উনপঞ্চাশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা মাত্র টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) আলোচ্য কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর ২০২৫-২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)' খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


আলোচ্য প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

  
০৪.১০/২০২৫  
মোঃ আবুল কালাম আজাদ  
উপ-সহকারী প্রকৌশলী  
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট ঢাকা ওয়াসা।

  
০৪/১০/২৫  
কাজী বিল্লাল হোসেন  
উপ-বিভাগীয় প্রকৌশলী  
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট  
ঢাকা ওয়াসা।

  
০৬/১০/২৫  
মোঃ নূফিজ ইমতিয়াজ  
নির্বাহী প্রকৌশলী  
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

  
০৬/১০/২৫  
মির্জা গোলাম কিব্রিয়া  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল  
ঢাকা ওয়াসা।

  
০৬/১০/২৫  
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী  
প্রধান প্রকৌশলী  
ঢাকা ওয়াসা